

## 💵 আর-রাহীকুল মাখতূম

বিভাগ/অধ্যায়ঃ নৈশ ভ্রমণ ও উধর্বগমন বা মি'রাজ (الإِسْرَاءُ وَالْمِعْرَاجُ)
রচয়িতা/সঙ্কলকঃ আল্লামা সফিউর রহমান মোবারকপুরী (রহঃ)

বারো জন নকীব (إِثْنَا عَشَرَ نَقَيْبًا):

অঙ্গীকার পর্ব সম্পন্ন হলে রাসূলুল্লাহ (ﷺ) অঙ্গীকারাবদ্ধ লোকদের মধ্যে থেকে বারোজন নেতা নির্বাচন করলেন। নির্বাচিত ব্যক্তিগণ নিজ নিজ সম্প্রদায়ের নেতৃত্ব গ্রহণ করবেন এবং আপন আপন সম্প্রদায়ের মধ্যে অঙ্গীকারের ধারাসমূহ বাস্তবায়ণের ব্যাপারে জিম্মাদারী ও দায়িত্ব গ্রহণ করবেন। রাসূলুল্লাহ (ﷺ) এর এরূপ ইঙ্গিত ছিল যে, নিজেদের মধ্যে থেকে তাঁরা এমন সব নেতা নির্বাচন করবেন যাঁরা নিজ নিজ সম্প্রদায়ের সমস্যাবলী সমাধানের ব্যাপারে যথোপযোগী ভূমিকা পালন করবেন। তাঁর ইঙ্গিতে তড়িঘড়ি নেতা নির্বাচন পর্ব সমাপ্ত হল। নয়জন খাযরাজ এবং তিন জন আউস গোত্র থেকে মোট বারজন নেতা নির্বাচন করা হল। খাযরাজ গোত্রের নেতাগণের নাম হচ্ছে যথাক্রমেঃ

(১) আস'আদ বিন যুরারাহ বিন আদাস (২) সা'দ বিন রাবী'আহ বিন 'আমর (৩) আব্দুল্লাহ বিন রাওয়াহাহ বিন সা'লাবাহ (৪) রাফি বিন মালিক বিন আজলান (৫) বারা বিন মা'রুর বিন সাখর (৬) আব্দুল্লাহ বিন 'আমর বিন হারাম (৭) উবাদা বিন সামিত বিন ক্লায়স (৮) সা'দ বিন উবাদাহ বিন অইম (৯) মুন্যির বিন 'আমর বিন খুনাইস।

আউস গোত্রের নেতাগণ হচ্ছেন, (১) উসাইদ বিন হুযাইর বিন সামাক (২) সা'দ বিন খায়সামা বিন হারিস এবং (৩) রিফাআ'হহা বিন আব্দুল মুন্যির বিন যুবাইর।[1]

যখন এ সকল নেতার নির্বাচন পর্ব সমাপ্ত হল তখন নাবী কারীম (ﷺ) তাঁদের নিকট থেকে পুনরায় অঙ্গীকার গ্রহণ করলেন। তিনি বললেন, ঈসা (আঃ)-এর পক্ষ যেভাবে হাওয়ারীগণের উপর দায়িত্ব অর্পিত হয়েছিল সেভাবে আজ থেকে আপনাদের উপর আপন আপন সম্প্রদায়ের যিম্মাদারী বা দায়িত্ব অর্পিত হল। আর আমার উপর যিম্মাদারী বা দায়িত্ব ভার রইল সমগ্র মুসলিম জাতির। তাঁরা সকলে এক বাক্যে বলে উঠলেন 'জী হ্যাঁ"।[2]

## ফুটনোট

- [1] কেউ কেউ যুবাইর এর পরিবর্তে যুনাইর বলেছেন।
- [2] ইবনে হিশাম ১ম খন্ত ৪৪৩-৪৪৬ পুঃ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=6145

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন